

সারাদেশে সরকারি কলেজ শিক্ষকদের ক্লাস বর্জন

■ সমকাল প্রতিবেদক

পরীক্ষা কক্ষে নির্বাহী ম্যাজিস্ট্রেটের হাতে ভাণ্ডারিয়ায় এক শিক্ষক লাহিত ও লক্ষ্মীপুরে জেলা প্রশাসকের নির্দেশে দুই শিক্ষক গ্রেফতারের প্রতিবাদে গতকাল সোমবার সারাদেশে সরকারি কলেজগুলোতে ক্লাস বর্জন করেছেন শিক্ষকরা। ঘটনার সঙ্গে জড়িত জেলা প্রশাসক ও দুই উপজেলা নির্বাহী অফিসারের শাস্তি না হলে আগামীতে তারা ক্লাস এবং পরীক্ষা বর্জনের মতো কঠোর কর্মসূচি দেবেন বলে জানিয়েছেন সাধারণ শিক্ষা ক্যাডারের নেতারা।

সরকারি কলেজ শিক্ষকদের সংগঠন বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ডাকে

সারাদেশের ৩৮৩টি সরকারি কলেজে এ কর্মসূচি পালিত হয়। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতারা বলেছেন, মানহানিকর ঘটনার পরিপ্রেক্ষিতে সমগ্র শিক্ষা ক্যাডারে এক ধরনের অস্থিতি ও অস্থিরতা বিরাজ করছে। এ ঘটনায় অভিযুক্ত নির্বাহী ম্যাজিস্ট্রেটদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া না হলে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

কর্মসূচি চলাকালে গতকাল সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে শিক্ষা ক্যাডার সমিতির নেতারা এসব কথা বলেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সাধারণ সম্পাদক আই কে সেলিম উল্লাহ খান্দকার। এ সময় তিনি বলেন, গত ৯ এপ্রিল পিরোজপুরের ভাণ্ডারিয়া সরকারি কলেজ কেন্দ্রে

পরীক্ষা সংক্রান্ত একটি বিষয় নিয়ে সৃষ্ট ঘটনার পরিপ্রেক্ষিতে এক শিক্ষককে নির্বাহী ম্যাজিস্ট্রেটের পা ছুঁয়ে ফাটা চাইতে বাধ্য করা হয়। অন্যদিকে লক্ষ্মীপুর সরকারি মহিলা কলেজে আরেকটি ঘটনায় এক নারী শিক্ষককে গ্রেফতার ও ছয় ঘণ্টা হাজতে রেখে ৫শ' টাকা জরিমানা করা হয়। শিক্ষা ক্যাডার নেতারা বলেন, সরকারি কর্মকর্তা হিসেবে শিক্ষকদের সঙ্গে এ ধরনের আচরণ কোনো সভ্য সমাজে গ্রহণযোগ্য শুধু নয়, যেনেও নেওয়া যায় না। আর

শিক্ষকরাও সরকারি কর্মকর্তা লিখিত বক্তব্যে বলা হয়, এ ঘটনায় ভাণ্ডারিয়ার উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মনির হোসেন হাওলাদার, সহকারী

ভাণ্ডারিয়া ও লক্ষ্মীপুরের ইউএনওর শাস্তি দাবি

কমিশনার (ভূমি) আশ্রাফুল ইসলাম ও ভাণ্ডারিয়া কলেজের অধ্যক্ষ এবং লক্ষ্মীপুরের জেলা প্রশাসক ও সদরের ইউএনওকে প্রত্যাহারসহ বিভাগীয় ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের কাছে আগেই দাবি জানানো হয়েছে। কিন্তু ভাণ্ডারিয়া কলেজের অধ্যক্ষকে আরও জালো কলেজে বদলি করা হয়েছে। অন্যদিকে ইউএনও ও সহকারী কমিশনারকে (ভূমি) কেবল অন্যত্র বদলি করা হয়।

সমিতির সাধারণ সম্পাদক আরও জানান, দাবি পূরণ না হলে তারা কর্মসূচি ঘোষণা করবেন। সম্মতি ঢাকায় সাধারণ সভায় সদস্যরা দাবি আদায়ে সমিতির নেতাদের কঠোর কর্মসূচি ঘোষণার ব্যাপারে সম্মতি দিয়ে গেছেন।